## প্রকল্পে স্থানীয় পরামর্শক নিয়োগ এর Terms of Reference (ToR)

"মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং" প্রকল্পটি অন্যান্য সাপোর্টিং স্টাফসহ স্থানীয় বিশেষজ্ঞগণের (Individual Local Consultant) মাধ্যমে বাস্তবায়ন করা হবে। একই ধরণের প্রকল্পের আওতায় কর্মরত বিশেষজ্ঞ ও সাপোর্টিং ষ্টাফদের প্রস্তাবিত প্রকল্পে অগ্রাধিকার প্রদান করা হবে।

প্রকল্পটি বাস্তবায়নের জন্য পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ অনুসরণপূর্বক নিম্মোক্ত স্থানীয় পরামর্শক নিয়োগ করা হবেঃ-

ছক-ঃ পরামর্শকের পদবী, পরিমাণ, যোগ্যতা, সম্মানী ভাতা এবং দায়িত্ব ও কর্তব্য

| পরামর্শকের পদবী | সংখ্যা | যোগ্যতা | সম্মানী ভাতা প্রতি মাসে (লক্ষ টাকায়) | দায়িত্ব ও কর্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| টিম লিডার/চিফ টেকনিক্যাল এক্সপার্ট | ১ জন | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। প্রকল্প ব্যবস্থাপনা, ভূমি ও প্রশাসনিক কাজে কমপক্ষে ন্যূনতম ১৫ (পনের) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রকল্পে কাজ করা এবং রিপোর্ট প্রণয়নে তাঁর যথেষ্ট অভিজ্ঞতা থাকতে হবে। সাংগঠনিক এবং টিম লিডার হিসেবে মাল্টি ডিসিপ্লিনারি পেশাদার একটি দল পরিচালনার ক্ষেত্রে অভিজ্ঞতা থাকতে হবে। ল্যান্ড ইউজ সার্ভে, ল্যান্ড জোনিং কার্যক্রম এবং প্রশাসনিক কাজে অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার দেয়া হবে। | ২.৫০ | • প্রকল্পের সামগ্রিক পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন এবং প্রকল্পের সকল কম্পোনেন্ট এর কার্যক্রম সমন্বয়ের দায়িত্ব পালন করবেন;<br>• প্রকল্পে কার্যক্রম বাস্তবায়নে বিভিন্ন সংস্থার সাথে সমন্বয় সাধন করবেন, লিয়াজো বজায় রাখবেন এবং প্রকল্পের সার্বিক ব্যবস্থাপনা ও প্রতিবেদন প্রণয়নে দায়িত্ব পালন করবেন;<br>• প্রকল্পের ডিজাইনিং ও গাইড প্রণয়নে দায়িত্ব পালন করবেন, প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য ওয়ার্কপ্ল্যান/ কর্মপরিকল্পনা প্রণয়ন/ বাস্তবায়ন করবেন, এছাড়া দলের বিশেষজ্ঞদের প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবেন;<br>• এনপিডি/ডিপিডি দ্বারা নির্ধারিত অন্য যে কোন কার্যক্রম। |
| পরিবীক্ষণ ও মূল্যায়ন স্পেশালিস্ট | ১ জন | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে কমপক্ষে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। তিনি উন্নয়ন প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়নের ক্ষেত্রে কমপক্ষে ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। টেকসই ভূমি ব্যবস্থাপনা, ভূমি প্রশাসন, শহর ও আঞ্চলিক পরিকল্পনা মূল্যায়নের অভিজ্ঞতা থাকতে হবে। পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার দেয়া হবে।<br>এমএসওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট এ পারদর্শিতা বাধ্যতামূলক। | ২.০০ | • প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়নের জন্য সময়ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন করা;<br>• প্রকল্প বাস্তবায়নের জন্য এলাকা/অঞ্চল ভিত্তিক মনিটরিং কার্যক্রম পরিচালনা করা;<br>• জেলা/উপজেলা/ইউনিয়ন/মাঠ পর্যায়ে ঘন ঘন পরিদর্শন এবং প্রকল্প কর্তৃপক্ষের জন্য সময় ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন;<br>• মাঠ পর্যায়ের সমস্যা চিহ্নিত করণ ও প্রকল্প কর্তৃপক্ষের জন্য প্রতিবেদন |

| পরামর্শকের পদবী | সংখ্যা | যোগ্যতা | সম্মানী ভাতা প্রতি মাসে (লক্ষ টাকায়) | দায়িত্ব ও কর্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | প্রেরণ;<br>• কার্যপত্র, কার্যবিবরণী, সার্কুলার এবং প্রকল্প সংশ্লিষ্ট বিষয়ে বিভিন্ন ধরণের কাগজপত্র প্রণয়ন।<br>• ভূমি ব্যবহার এর ওপর টেকনিক্যাল প্রতিবেদন প্রস্তুত করে চিফ টেকনিক্যাল এক্সপার্ট/ টিম লিডার বরাবরে উপস্থাপন।<br>• বার্ষিক/মাসিক কর্মপরিকল্পনা, পরিকল্পনা কমিশন, আইএমইডি ইত্যাদির জন্য প্রয়োজনীয় কাগজপত্র প্রণয়ন<br>• এনপিডি/ডিপিডি/টিম লিডার এর চাহিদা মোতাবেক বিবিধ কাজের কর্ম সম্পাদন। |
| জিআইএস এ্যান্ড রিমোট সেন্সিং স্পেশালিস্ট | ৩ জন | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে জিআইএস/ ভূগোল/ সিভিল ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার বিজ্ঞানে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। জিআইএস/রিমোট সেন্সিং এবং ভূমি ব্যবহার মানচিত্র প্রণয়নের ক্ষেত্রে কমপক্ষে ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। ArcGIS, Erdas Imagine, ওরাকল, এসকিউএল সার্ভার, পিএইচপি প্রোগ্রামিং এবং অন্যান্য প্রাসঙ্গিক সফটওয়্যার সর্ম্পকে পর্যাপ্ত অভিজ্ঞতা থাকতে হবে।<br>জিআইএস এবং রিমোর্ট সেন্সিং স্পেশালিষ্ট হিসাবে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। নগর ও অঞ্চল পরিকল্পনা এবং একই ধরনের প্রকল্পে কাজের অভিজ্ঞতাকে অগ্রাধিকার প্রদান করা হবে। | ২.০০ | • ভূমির শ্রেণী বিন্যাস ও জোনিং করার নিমিত্ত জিআইএস ও রিমোট সেন্সিং ডেটা সংগ্রহ, বিশ্লেষণ ও ব্যাখ্যা প্রদান করে ভূমি জেনিং মানচিত্র প্রণয়ন;<br>• তিনি/সে জিআইএস ডেটা সংগ্রহ ও বিশ্লেষণের ক্ষেত্রে স্পারসো, সিইজিআইএস ও অন্যান্য গবেষণা প্রতিষ্ঠানের সঙ্গে লিয়াঁজো বজায় রাখবেন;<br>• প্রকল্পের কার্যক্রমের ওপর বিভাগ/ জেলা/উপজেলা বা ইউনিয়ন পর্যায়ে প্রশিক্ষণ ও সচেতনা বৃদ্ধি মূলক কর্মসূচীর আয়োজন করা;<br>• জিআইএস ম্যাপ ও জোনিং প্রতিবেদন প্রণয়ন করা;<br>• এনপিডি/ডিপিডি/টিম লিডার প্রদত্ত প্রয়োজনীয় বিবিধ কাজের কর্ম সম্পাদন করা। |
| অফিস এন্ড ফাইন্যান্স ম্যানেজার | ১ জন | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে অ্যাকাউন্টিং/ ম্যানেজমেন্ট বিষয়ে স্নাতকোত্তর/এমবিএ ডিগ্রি থাকতে হবে। প্রকল্পের আর্থিক বিষয়াদি বাস্তবায়ন ক্ষেত্রে কমপক্ষে ১০ (দশ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। অফিস এন্ড ফিন্যান্স ম্যানেজার হিসেবে ৪ (চার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>নগর ও অঞ্চল পরিকল্পনা এবং অনুরূপ প্রকৃতির | ১.৫০ | • তিনি/সে প্রকল্পের আর্থিক বিষয়াদি এবং অন্যান্য সরবরাহ বিভিন্ন দ্রব্যাদি ক্রয়ে আর্থিক শৃঙ্খলা অনুযায়ী ব্যবস্থার দায়িত্ব পালন করবেন<br>• তিনি/সে এনপিডি/ডিপিডি/টিম লিডারের তত্ত্বাবধানে কাজ করবেন;<br>• তিনি/সে প্রকল্পের সকল নথিপত্র/ |

| পরামর্শকের পদবী | সংখ্যা | যোগ্যতা | সম্মানী ভাতা প্রতি মাসে (লক্ষ টাকায়) | দায়িত্ব ও কর্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | প্রকল্পে অভিজ্ঞতাকে অগ্রাধিকার প্রদান করা হবে।<br>এমএসওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট পরিচালনায় পারদর্শিতা বাধ্যতামূলক। | | ডকুমেন্টেসমূহ প্রণয়ন ও সংরক্ষণে সংশ্লিষ্ট থাকবেন;<br>• প্রকল্পে কর্মরত সকল কর্মচারীদের সুপারভাইজ করবেন। |
| ডেটা এনালিষ্ট/ প্রোগ্রামার | ১ জন | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং /পরিসংখ্যান/গণিত বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি সম্পন্ন হতে হবে।<br>কম্পিউটার প্রোগ্রামিং, সফটওয়্যার ও ওয়েবসাইট প্রণয়ন, রক্ষণাবেক্ষণ ও পরিচালনার ক্ষেত্রে কমপক্ষে ৮ (আট) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>ডেটা এনালিষ্ট হিসেবে ৩(তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>নগর ও আঞ্চলিক পরিকল্পনা এবং অনুরূপ প্রকল্পের অভিজ্ঞতাকে প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে অগ্রাধীকার প্রদান করা হবে। | ০.৭৫ | • প্রকল্প সংশ্লিষ্ট সকল ডেটা প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ করা;<br>• মাঠ পর্যায় হতে সংগৃহিত সকল ডেটা পরীক্ষা করা;<br>• সংগৃহীত ডেটা/তথ্যাদির নির্ভরযোগ্যতা, সঙ্গতি/অসঙ্গতি ইত্যাদি যাচাই বাছাই করা;<br>• ডাটাবেসের বিন্যাস (format) অনুযায়ী ডাটা ফাইল প্রণয়ন ও সংরক্ষণ করা;<br>• ডাটা/উপাত্ত সমূহ কম্পিউটারে প্রবিষ্ট করা, স্থানান্তরিক করা, উপাত্ত প্রক্রিয়াকরণ করা এবং সঠিকভাবে পরীক্ষা করা;<br>• এনডিপি/ডিপিডি/টিম লিডারের চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট অন্যান্য বিবিধ কর্ম সম্পাদন করা। |
| জিআইএস এবং রিমোট সেন্সিং এনালিষ্ট | ৪ জন | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে জিআইএস/ভূগোল/পুর কৌশলে স্নাতক/ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। জিআইএস ও রিমোট সেন্সিং ভূমিব্যবহার ও জোনিং মানচিত্র প্রণয়ন, ArcGIS এবং অন্যান্য প্রাসঙ্গিক সফটওয়্যার পরিচালনার ক্ষেত্রে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>জিআইএস এবং রিমোট সেন্সিং এনালিষ্ট হিসেবে কমপক্ষে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>নগর ও আঞ্চলিক পরিকল্পনা এবং সমজাতীয় প্রকল্পের কাজের অভিজ্ঞতাকে অগ্রাধিকার প্রদান করা হবে। | ০.৭০ | • জিআইএস ও রিমোট সেন্সিং উপাত্তসমূহ সংগ্রহ, বিশ্লেষণ ও ব্যাখ্যা করে ভূমি ব্যবহার শ্রেণী (Land Use Classes) তে বিভক্ত করে জোনিং ম্যাপ প্রণয়ন করা;<br>• SPARRSO, CEGIS এবং সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠান সমূহের সঙ্গে লিয়াঁজো বজায় রেখে উপাত্ত সংগ্রহ ও ব্যাখ্যা করা;<br>• প্রাসঙ্গিক অধ্যায়ের প্রতিবেদন প্রণয়ন করা;<br>• এনপিডি/ডিপিডি/টিম লিডারের চাহিদা মোতাবেক যে কোন বিবিধ কর্ম সম্পাদন করা। |
| ডাটা প্রসেসর (উপাত্ত | ৩ জন | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/কলেজ থেকে যে কোন বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। | ০.৭০ | • প্রতিবেদন টাইপিং, কম্পোজিং, বিন্যাস ও ডিজাইন ইত্যাদি প্রণয়ন করা; |

| পরামর্শকের পদবী | সংখ্যা | যোগ্যতা | সম্মানী ভাতা প্রতি মাসে (লক্ষ টাকায়) | দায়িত্ব ও কর্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| প্রক্রিয়াকারী) | | কম্পিউটার পরিচালনায় কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>অনুরূপ সরকারি/আধাসরকারি প্রকল্পে কাজের অভিজ্ঞতাকে প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে অগ্রাধীকার প্রদান করা হবে।<br>এমএসওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট পরিচালনায় পারদর্শিতা বাধ্যতামূলক। | | • সংশ্লিষ্ট সফটওয়্যার এর মাধ্যমে কম্পিউটারে উপাত্ত প্রবিষ্ট করা ও সঞ্চিত করা। জেলা/উপজেলা পর্যায়ে কর্মশালা পরিচালনায় অংশগ্রহণ করা।<br>• এনপিডি/ডিপিডি/টিম লিডারের চাহিদা মোতাবেক অন্যান্য কার্যক্রম পরিচালনা করা। |
| **গবেষণা সহযোগী** (Research Associate) | ১২ জন | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কৃষি বিজ্ঞান/ মৎস্য /প্রাণিবিদ্যা/ বন বিদ্যা/ উদ্ভিদবিদ্যা/ সমাজ বিজ্ঞানে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। তথ্য সংগ্রহ, সংকলন ও প্রতিবেদন প্রণয়নে সহায়তা প্রদানে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>এমএসওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট পরিচালনায় পারদর্শিতা বাধ্যতামূলক। | ০.৭০ | • মাঠ পর্যায় হতে উপাত্ত সংগ্রহ, উপাত্ত যাচাই ও সংকলন করা ও উপাত্ত সংগ্রহ ও সংকলনে Field organizar দের সঙ্গে থেকে কাজ করা;<br>• সংশ্লিষ্ট সফটওয়্যার এর মাধ্যমে কম্পিউটারে উপাত্ত প্রবিষ্ট করা ও সঞ্চিতকরা।<br>• সংশ্লিষ্ট সরকারী দপ্তর হতে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা এবং জেলা/উপজেলা পর্যায়ে কর্মশালা পরিচালনায় অংশগ্রহণ করা;<br>• এনপিডি/ডিপিডি/টিম লিডার এর চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট বিবিধ/ অন্যান্য কার্যক্রম কর্মকান্ড পরিচালনা করা। |